†RÛvi ms‡e`bkxj Dbqb cKí cYqb I chv‡jvPbv wb‡`wkKv

# Gender Responsive Guidelines for Design and Review of Development Projects

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জুলাই ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ

নং-পবি/এনইসি-একনেক/সমন্বয়-২/পরিপত্র/মতামত/২২/২০০৭/১৭৯ তারিখঃ ০৭ শ্রাবণ, ১৪১৬ / ২২ জুলাই, ২০০৯

দেশের সার্বিক উন্নয়ন কর্মকান্ডে জেন্ডারকে মূল স্রোতধারায় সম্পৃক্তকরণের লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় জেন্ডার সংবেদনশীল উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও পর্যালোচনা নির্দেশিকা (Gender Responsive Guidelines for Design and Review of Development Projects) প্রণয়ন করেছে। পরিকল্পনা বিভাগ কর্তৃক জারীকৃত 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি (মে, ২০০৮)' অনুযায়ী বিদ্যমান প্রকল্প দলিল (ডিপিপি/টিপিপি)-এর ছক পূরণের সময় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত উক্ত নির্দেশিকা অনুসরণপূর্বক প্রয়োজনীয় তথ্য সংযোজনের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

২২.০৭.০৯
(মোঃ আবদুর রব)
যুগ্ম-প্রধান

বিতরণঃ

১। সচিব (সকল) ........................................................................ মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।

২। সদস্য (সকল) ..................................................................বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।

†RÛvi ms‡e`bkxj Dbqb cKí cYqb I chv‡jvPbv
wb‡`wkKv

# Gender Responsive Guidelines
# for
# Design and Review of Development Projects

gwnjv I wkï welqK gšYvjq
MYcRvZšx evsjv‡`k miKvi

RjvB 2009

# m~PcÎ


Introduction ------------------------------------------------------------------------------------------------------------------ ৭
সূচনা

Guidelines for the Design of Gender Responsive TPPs / DPPs ------------------------------------------------ ৯
জেন্ডার সংবেদনশীল প্রকল্প প্রণয়ন নির্দেশিকা

Guidelines for Review of Gender Responsiveness of TPPs / DPPs ----------------------------------------- ১২
কারিগরী প্রকল্প (TPP) ও বিনিয়োগ প্রকল্প (DPP) জেন্ডার সংবেদনশীলভাবে
পর্যালোচনা করার গাইড

Annex-A : NSAPR/PRSP Gender Equality Goals and Priority Actions ------------------------------------- ১৫
সংযোজনী ক : দারিদ্র বিমোচন কৌশলপত্র (২০০৮-১১)-এর জেন্ডার সমতা
অর্জন বিষয়ক লক্ষ্যসমূহ ও অগ্রাধিকার কার্যক্রম

Annex-B : Detailed Guidelines for Completing Poverty and --------------------------------------------------- ২১
Gender Related Tables and Forms
সংযোজনী-খ : দারিদ্র ও জেন্ডার সংক্রান্ত ছক এবং ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশিকা

Guidelines to Fill-In Columns 9 and 10 of Form 4 --------------------------------------------------------------- ২৫
(Grading the Impacts on Women's Advancement)
ফরম ৪ এর কলাম ৯ এবং ১০ পূরণ নির্দেশিকা
(নারীর অগ্রগতির প্রভাব যাচাই এর গ্রেডিং)

## Introduction

The Technical Project Proforma/Proposal (TPP) and Development Project Proforma/ Proposal (DPP) are the instruments through which the National Strategy for Accelerated Poverty Reduction (NSAPR II) and international commitments like Millennium Development Goals (MDG), Convention on the Elimination of All Forms of Discrimination against Women (CEDAW), and Beijing Platform for Action (PFA) are implemented. In order to obtain resources for implementation of their projects/programs, Ministries under the Medium Term Budgetary Framework (MTBF) are required to indicate how these will have impact on poverty and women's advancement and rights in their responses to the Budget Circular (BC-1) issued by the Ministry of Finance. This task will be much easier for the Ministries if the initial design of projects indicates clearly the expected impact on poverty and women's advancement and rights. With this end in view, these guidelines for designing gender-responsive projects and programs have been prepared to assist the officials who design the government projects/programs. The guidelines suggest where and how women's advancement and rights should be included in the different sections of the TPP and DPP.

## mPbv

কারিগরি সহায়তা প্রকল্প ছক/প্রস্তাব (TPP) এবং উন্নয়ন প্রকল্প ছক/প্রস্তাবের (DPP) মাধ্যমে দারিদ্র্য হ্রাসকরণ সংক্রান্ত জাতীয় কৌশলপত্র (NSAPR) এবং সরকারের বিঘোষিত আন্তর্জাতিক অঙ্গীকারসমূহ যেমন, সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্য (Millennium Development Goal [MDG]), নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সংক্রান্ত আন্তর্জাতিক কনভেনশন (CEDAW) এবং বেইজিং পাটফরম ফর এ্যাকশন বাস্তবায়ন করা হয় । অর্থ মন্ত্রণালয় যখন বাজেট সার্কুলার (BC1) জারী করে তখন মন্ত্রণালয়গুলো এই বাজেট সার্কুলারের প্রতি সাড়া দিয়ে তাদের গৃহীত প্রকল্প ও কর্মসূচী বাস্তবায়নের জন্যে অর্থ সংস্থান ও সম্পদ আহরণ করার ক্ষেত্রে মধ্যমেয়াদী বাজেট কাঠামোর অধীনে কিভাবে এসব প্রকল্প দারিদ্র নিরসন ও নারীর অগ্রগতি, অধিকারের বিষয়সমূহকে প্রভাবিত করবে, সেটা স্পষ্ট করে দৃশ্যমান করতে হবে । মন্ত্রণালয়ের জন্যে এ কাজটা খুব অনায়াসসাধ্য হবে– যদি প্রকল্পের প্রাথমিক প্রণয়নে (Design) সুস্পষ্টভাবে দারিদ্র এবং নারীর অগ্রগতি এবং অধিকারের উপর প্রত্যাশিত প্রভাব প্রতিভাত হয় । এই নিরিখে যে সকল কর্মকর্তা সরকারের প্রকল্প প্রস্তাবনা তৈরী করেন, তাদেরকে জেন্ডার সংবেদনশীল (Gender Responsive) প্রকল্প/ কর্মসূচী তৈরীর ক্ষেত্রে সহায়তা করার উদ্দেশ্যে এই নির্দেশিকা তৈরী করা হয়েছে । এই নির্দেশিকায় দিকনির্দেশনা দেয়া হয়েছে যে টিপিপি ও ডিপিপির বিভিন্ন অংশে (Section) কোথায় কীভাবে নারীর উন্নয়ন ও অধিকারের বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে হবে ।

The Guidelines include two annexes. Annex A is on NSAPR II Gender Equality Goals and Priority Actions and Annex B is on MTBF Standards as per guidelines provided by the MOF for providing response on Poverty and Gender in the section - 3 and Annex-5B of the Budget Circular-1. It is to be mentioned here that all the issues of NSAPR II shown in Annex A and Standards for Annex B may not be relevant for every project and program. For example, an education project will draw upon those issues relevant to it from Annex A and Annex B mentioned in the guideline. These guidelines are providing a method of linking the process for drawing relevant Issues and Standards of NSAPR and MTBF in designing projects/programs.

এই নির্দেশিকায় দুটো সংযোজনী রয়েছে। সংযোজনী-ক হচ্ছে- জাতীয় দারিদ্র বিমোচন কৌশলপত্রে (NSAPR/PRSP) বর্ণিত জেন্ডার সমতা অর্জন বিষয়ক লক্ষ্যসমূহ এবং অগ্রাধিকার কার্যক্রমসমূহ Gender Equality Goals and Priority Actions সংক্রান্ত। আর সংযোজনী-খ হচ্ছে অর্থ মন্ত্রণালয় প্রদত্ত মধ্যমেয়াদী বাজেট কাঠামো (MTBF) এর বাজেট সার্কুলার-১ এর সংযোজনী ৫-খ ও সেকশন-৩ এ বর্ণিত দারিদ্র বিমোচন ও জেন্ডার বিষয়ে সংবেদনশীলতার মানদণ্ড সম্পর্কিত।

এখানে উলেখ্য যে, সংযোজনী-ক-তে বর্ণিত দারিদ্র বিমোচন সংক্রান্ত কৌশলপত্রের সকল বিষয় এবং সংযোজনী-খ এর জন্যে উলেখিত মানদণ্ডসমূহ সকল প্রকল্প ও কর্মসূচির জন্যে প্রাসঙ্গিক নাও হতে পারে। উদাহরণস্বরূপ, সংযোজনী-ক এবং খ এর নির্দেশাবলী থেকে একটি শিক্ষা বিষয়ক প্রকল্প শিক্ষার সাথে সম্পর্কিত বিষয়গুলোই ধারণ করবে। এই নির্দেশিকা প্রকল্প/কর্মসূচী কার্যক্রম প্রণয়নকালে দারিদ্র নিরসন কৌশলপত্রে বর্ণিত ইস্যুসমূহ এবং মধ্যমেয়াদী বাজেটে বর্ণিত প্রাসঙ্গিক মানদণ্ডসমূহের মধ্যে যোগসূত্র স্থাপনের একটি প্রক্রিয়া প্রদান করেছে।

## GUIDELINES FOR THE DESIGN OF GENDER RESPONSIVE TPPs/DPPs
## †RÛvi ms‡e`bkxj cKí cYqb wb‡`©wkKv

1. Background: Situation Analysis and Rationale (Item 14 of DPP: Background, Objectives, Priority, Rationale, Linkages, Targets, and Outputs/Outcomes) and (Item 17 of TPP: Situation Analysis) (In formulating this item care may be taken to consider Annex B on Standards of BC1of MTBF)

1. cUf‚wg : অবস্থা বিশেষণ, যৌক্তিকতা (উন্নয়ন প্রকল্প প্রস্তাবনার আইটেম ১৪: পটভূমি, লক্ষ্য, অগ্রাধিকার, যৌক্তিকতা, অন্যান্য প্রকল্পের সাথে সম্পর্ক, লক্ষ্যমাত্রা এবং অর্জন/ফলাফল) এবং (টিপিপি-এর আইটেম ১৭: অবস্থা বিশেষণ) (এই আইটেম প্রস্তুতকালে সংযোজনী-খ-তে বর্ণিত মধ্যমেয়াদী বাজেট কাঠামোর বিসি-১-এর মানদণ্ডসমূহ যাতে বিবেচনা করা হয়, সেদিকে নজর রাখতে হবে ।)

   Provide the following information, including sex-disaggregated data as possible, in the description and analysis of the problems/issues that the project will address and the rationale for the project:

   প্রকল্পের বর্ণনায় সমস্যা/ইস্যুসমূহের বিশেষণে এবং যৌক্তিকতা প্রদর্শনে যতোটা সম্ভব জেন্ডার বিভাজিত উপাত্ত যুক্ত করে নিম্নে বর্ণিত বিষয়সমূহ সম্পর্কে তথ্য দিন ।

- Target population affected by the project issues (describe who makes up the target population, where they are located, etc. and indicate/estimate what proportion of this target population is comprised of women/girls)
- প্রকল্পের বিভিন্ন ইস্যুর সাথে সংশিষ্ট উদ্দীষ্ট জনগোষ্ঠী (কারা এই উদ্দীষ্ট জনগোষ্ঠী, তাদের অবস্থান এবং উদ্দীষ্ট জনগোষ্ঠীর ভিতর নারী-পুরুষের আনুপাতিক হার)
- Gender issues relating to the project including constraints faced by women (with respect to access to resources and participation in decision-making)
- নারীরা যে সব প্রতিবন্ধকতার মুখোমুখি হন সে সকল বিষয়সহ প্রকল্পের সাথে সম্পর্কিত জেন্ডার ইস্যুসমূহ (সম্পদে প্রবেশাধিকার/অভিগম্যতা এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ সংক্রান্ত ।)
- Women's/girls' particular and differential needs to be addressed by the project (e.g. for accessible and free services, girl-friendly schools, information, space for meetings, skill development)
- নারী/বালিকা/কন্যা শিশুদের সুনির্দিষ্ট ও ভিন্ন ভিন্ন চাহিদা ভিত্তিক প্রকল্প বিবেচনা করে; (যেমন : বিনামূল্যে সেবা ক্ষেত্রে অভিগম্যতা, বালিকা বান্ধব স্কুল, তথ্য প্রাপ্তি, সভা আয়োজনের স্থান, দক্ষতা উন্নয়ন)
- If the project is for the second phase lessons learned on the above issues should be highlighted.
- যদি প্রকল্পটি দ্বিতীয় পর্যায়ের জন্য হয়, তবে প্রথম পর্যায়ের শিক্ষালব্ধ জ্ঞান ও অভিজ্ঞতা এখানে তুলে ধরতে হবে ।

2. **Objectives (I*tem no.3 of DPP: objective of the project) and (Item no. 18 of TPP: Objectives: Overall and Specific).***

   (In formulating objectives, care may be taken to consider Annex B on Standard of BC-1 of MTBF)

২. প্রকল্পের কার্যক্রমের উদ্দেশ্য (উন্নয়ন প্রকল্পের আইটেম-৩: প্রকল্পের উদ্দেশ্য) এবং (কারিগরী প্রকল্পের আইটেম-১৮: উদ্দেশ্য- সার্বিক উদ্দেশ্য, সুনির্দিষ্ট লক্ষ্য); (প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য প্রস্তুতকালীন সময়ে পরিশিষ্ট 'খ'তে বর্ণিত মধ্যমেয়াদী বাজেট কাঠামোর বিসি-১ ফর্মে বর্ণিত মানদন্ড সমূহের প্রতি নজর দেয়া বাঞ্ছনীয়)

- In the overall objective statements of projects targeted to communities at large, indicate what benefits will be gained by both women and men, and particularly by poor section of the population.

  This should be stated explicitly, especially when the situational analysis suggest that gender gaps exist and special measures will have to be taken to overcome barriers faced by women.)

- যে সব প্রকল্প বৃহত্তর জনগোষ্ঠীর জন্য প্রণীত, সে সব প্রকল্পের সার্বিক উদ্দেশ্য বিশেষণের সময় নারী ও পুরুষ উভয়েই-বিশেষ করে দরিদ্র জনগোষ্ঠী কিভাবে উপকৃত হবে, তা বর্ণনা করতে হবে ।

  এই বিষয়টি প্রকল্পের লক্ষ্যের মধ্যে স্পষ্টভাবে প্রতিভাত হতে হবে, বিশেষ করে যে সব প্রকল্পের পরিস্থিতি বিশেষণে এটা প্রতীয়মান হয় যে, জেন্ডার বৈষম্য রয়েছে এবং নারীরা যে সব বাধা মোকাবেলা করছে, সেগুলো অতিক্রমের জন্য বিশেষ পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন ।

- If gender equality is implicit in the objectives, ensure that any gender gaps are identified (in the situation analysis) and addressed explicitly in one or more sub-objectives or outputs/outcomes.

- যদি নারী-পুরুষের সমতার বিষয়টি প্রকল্পের উদ্দেশ্যের মধ্যে অস্পষ্টভাবে নিহিত থাকে, তাহলে এটা নিশ্চিতভাবে চিহ্নিত করতে হবে যে, যে কোনো জেন্ডার বৈষম্য যা পরিস্থিতি বিশেষণের সময় উলেখ করা হয়েছে, সুস্পষ্টভাবে এক বা একাধিক Sub-objectives কিংবা আউটকাম/আউটপুটে অন্তর্ভুক্ত করতে হবে ।

*(e.g. The objective of providing a hospital for the community does not explicitly refer to gender equality implications. However, a sub-objective/ outcome could be that the hospital is women-friendly as a result of forming a women's committee and undertaking a number of actions)*

যেমন, কমিউনিটির জন্য হাসপাতাল তৈরী করার উদ্দ্যেশ্যের ভিতর জেন্ডার সমতা অর্জনের বিষয়টি সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়নি। সেক্ষেত্রে একটি ঝঁন ড়নলবপঃরাব হতে পারে যে, হাসপাতালটিকে নারী বান্ধব করা। এই লক্ষ্যে নারীদের নিয়ে কমিটি গঠণ ও বিভিন কর্মসূচী হাতে নেয়া যেতে পারে।

- Objectives of women-focused projects should indicate how gender gaps (identified in the situation analysis) will be reduced and how women's position (i.e., social, political and economic standing relative to men) as well as condition (i.e. material state) will be improved.

- নারীকেন্দ্রিক প্রকল্পসমুহের উদ্দেশ্য/লক্ষ্য বর্ণনার ক্ষেত্রে সুস্পষ্ট ইঙ্গিত থাকতে হবে যে কিভাবে জেন্ডার বৈষম্য (পরিস্থিতি বিশেষণের সময় যা নিরূপিত) কমিয়ে আনা যায় এবং কিভাবে এই বৈষম্য কমিয়ে নারীর অবস্থান (উদাহরণস্বরূপ, পুরুষের তুলনায় নারীর সামাজিক, রাজনৈতিক এবং অর্থনৈতিক অবস্থান বিশেষণ) ও অবস্থা (উদাহরণস্বরূপ বৈষয়িক অবস্থা ) উন্নীত করা যায় ।

*(e.g. Economic security of households and decision-making role of women will increase as a result of women's increased micro-enterprise skills and market opportunities)*

D`vniY : নারীদের মাইক্রো-এন্টারপ্রাইজ পরিচালনার দক্ষতা যদি ক্রমাগতভাবে বাড়িয়ে তোলা যায় এবং বাজার সুবিধা ও সুযোগ সম্প্রসারণ করা হয় তাহলে পরিবারের অর্থনৈতিক নিরাপত্তা এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীদের অংশগ্রহণ প্রাধান্য পাবে এবং তাদের গুরুত্ব অনেকগুণ বেড়ে যাবে ।

3. **Strategy *(Item 19 of TPP: link to planning documents, development partners' country program priorities, and NSAPR II, MDG, UNDAF as far as possible.* In filling up item 19 of TPP and item 24 of DPP, following may be taken into consideration: Annex-A - NSAPR/PRSP policy agenda and Annex-B BC-1 Standards of MTBF.**

কৌশল : কারিগরী প্রকল্প প্রস্তাবনা আইটেম নং ১৯: পরিকল্পনা দলিল, উন্নয়ন সহযোগীদের বাংলাদেশের জন্য প্রণীত কর্মসূচির অগ্রাধিকার, দারিদ্র বিমোচন কৌশলপত্র, সহস্রাব্দের লক্ষ্য, ইউএনডিএফ, এসব বিষয়ের সাথে যতদূর সম্ভব মিল রাখার প্রয়াস নিতে হবে। কারিগরি প্রস্তাবনার ১৯ নং আইটেম ও উন্নয়ন প্রস্তাবনার ২৪ নং আইটেম পূরণ করার সময় নিম্নের বিষয়গুলো বিবেচনায় আনতে হবে : দারিদ্র নিরসন কৌশল পত্রের সংযোজনী ক তে বর্ণিত নীতিমালা এবং সংযোজনী 'খ' তে দেয়া মধ্যমেয়াদী বাজেট কাঠামোর বিসি-১ এর মানদন্ড সমূহ বিবেচনা করতে হবে।

**Describe how the project outcomes and outputs will contribute to:**
প্রকল্পের অর্জন ও ফলাফল নিম্নোক্ত বিষয়ের উপর কতটুকু প্রভাব রাখবে তার বর্ণনা:

achieving the gender equality goals and priority actions of NSAPR/PRSP, as listed in Annex-A , and MTBF Standards in Annex-B

জেন্ডার সমতা অর্জনের লক্ষ্যে প্রণীত দারিদ্র বিমোচন কৌশলপত্রের অগ্রাধিকার কার্যক্রম যা সংযোজনী-ক এবং মধ্যমেয়াদী বাজেট কাঠামোর জেন্ডার মানদণ্ড যা সংযোজনী-খ তে বর্ণিত।

4. **Component -wise Annual Phasing and Procurement Plan (Item 9 & 11 -Annexure II I(a,) (b,) (c) , item 12 annexure IV of DPP and Item no. 12:Annexure 1 of TPP )**

   Ensure that the cost items are also gender responsive.

৪. খাতওয়ারী বার্ষিক ব্যয় ও পর্যায় ভিত্তিক বার্ষিক বাস্তবায়ন ও সংগ্রহ/ক্রয় পরিকল্পনা (বিনিয়োগ প্রকল্পের আইটেম ৯ ও ১১ এর সংযোজনী ও (ক), (খ), (গ) এবং আইটেম ১২ এর সংযোজনী (ঘ) এবং কারিগরী প্রকল্পের আইটেম ১২ এর সংযোজনী-১)। ব্যয়খাতগুলো যাতে জেন্ডার সংবেদনশীল হয় সেটা নিশ্চিত করা প্রয়োজন।

- Allocation of fund to support women-focused activities and its adequacy
- নারী কেন্দ্রিক প্রকল্পের কর্মকাণ্ডকে সহায়তা দেয়ার জন্য পর্যাপ্ত অনুদান বরাদ্দ।
- Allocation for supporting reduction of gender gap and its adequacy
- জেন্ডার বৈষম্য কমিয়ে আনার জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দ।
- Allocation for gender equality including capacity building and its adequacy
- জেন্ডার সমতা অর্জন এবং সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রমের জন্য পর্যাপ্ত ব্যয় বরাদ্দ করা।

5. **Monitoring, Reporting and Evaluation (Item 10 ( log frame and considering Item 23 of DPP)) and Item 22 of TPP )**

   Specify how progress and achievements on gender equality will be monitored.

৫. পরিবীক্ষণ, রিপোর্টিং ও মূল্যায়ণ (আইটেম নং ১০ (লগ-ফ্রেম ও ডিপিপির আইটেম ২৩) এবং কারিগরী সহায়তা প্রস্তাবনার (টিপিপি) আইটেম ২২)। কি ভাবে জেন্ডার সমতা অর্জনের অগ্রগতি ও সাফল্য পরিবীক্ষণ করা হবে তা সুনির্দিষ্ট করতে হবে।

- Identify gender- equality performance indicators (for project outcomes and outputs)
- জেন্ডার সমতা অর্জনের সূচক চিহ্নিত করা (প্রকল্পের অর্জন ও ফলাফল)
- Describe how these indicators will be systematically monitored and reported on, and applied in evaluations
- কীভাবে এ সকল সূচক নিয়ে পদ্ধতিগতভাবে নিরন্তর পরিবীক্ষণ ও প্রতিবেদন তৈরী করা হবে এবং এগুলোকে কীভাবে মূল্যায়নের সময় ব্যবহার করা হবে তার বর্ণনা।
- Specify that all data on project activities and results will be sex-disaggregated
- প্রকল্পের কর্মকাণ্ড ও ফলাফলের উপাত্ত লিঙ্গ বিভাজিত হওয়ার বিষয়টি সুনির্দিষ্ট করা।

## GUIDELINES FOR REVIEW OF GENDER RESPONSIVENESS OF TPPs / DPPs

## প্রকল্প পর্যালোচনায় জেন্ডার সংবেদনশীলতা নিরূপন নির্দেশিকা

**1. Background: Situation Analysis and Rationale (Item 14 of DPP: Background, Objectives, Priority, Rationale, Linkages, Targets, and Outputs/Outcomes) and (Item 17 of TPP: Situation Analysis)**

পটভূমি : পরিস্থিতি বিশেষণ, যৌক্তিকতা, উন্নয়ন প্রকল্প প্রস্তাবনার ১৪ নং আইটেম; বর্ণিত পটভূমি, উদ্দেশ্য, অগ্রাধিকার, যৌক্তিকতা ও অন্যান্য প্রকল্পের সাথে যোগসূত্র, লক্ষ্যমাত্রা এবং আউটপুট/আউটকাম এবং (কারিগরী প্রকল্প প্রস্তাবনা আইটেম ১৭; নং ঃ পরিস্থিতি বিশ্লেষণ) ।

Has the following information, including sex-disaggregated data, been provided?
নিম্নেবর্ণিত বিষয়ের উপর লিঙ্গ প্রভেদক / বিভাজিত পরিসংখ্যান প্রদান করা হয়েছে কি?

| **Indicators of Gender Responsiveness**<br>জেন্ডার সংবেদনশীল | **Yes**<br>সূচক | **No**<br>bv | **Comments / more information needed**<br>মন্তব্য/ অধিক তথ্য প্রয়োজন |
|---|---|---|---|
| ▪ Numbers of women/men and girls/boys targeted in the project addressing their problems/situation in which they live; and the nature of their roles, involvement in and the benefit from the project. | | | |
| ▪ প্রকল্পের উদ্দিষ্ট জনগোষ্ঠী যেমন নারী-পুরুষ এবং ছেলে- মেয়ের সমস্যা ও পরিস্থিতি বিবেচনা করে প্রকল্প প্রণয়ন করা হয়েছে। প্রকল্পে তাদের ভূমিকা, অংশ গ্রহণ ও প্রাপ্ত সুযোগ সুবিধার বর্ণনা । | | | |
| ▪ Specific impact of the project issues on both women and men, girls and boys are addressed | | | |
| ▪ নারী পুরুষ এবং ছেলে-মেয়ে উভয়ের উপর প্রকল্পের ইস্যুসমূহের সুনির্দিষ্ট প্রভাব বর্ণনা । | | | |
| ▪ Gender inequalities related to the project situation and barriers faced by women / girls are identified and analyzed. | | | |
| ▪ প্রকল্পের পরিবেশ-পরিস্থিতির আঙ্গিকে নারী/মেয়েরা যে সব প্রতিবন্ধকতা ও জেন্ডার বৈষম্যের মুখোমুখি হয় তা চিহ্নিত এবং বিশেষণ করা । | | | |
| ▪ Women's particular needs and constraints; project intentions to reduce gender gaps, and result in equal benefit for women/men and/or girls/boys are addressed | | | |
| ▪ নারীর বিশেষ চাহিদা ও প্রতিবন্ধকতা; জেন্ডার- বৈষম্য দুরীকরণে প্রকল্পের অভিপ্রায়, প্রকল্প থেকে নারী-পুরুষ ও ছেলে-মেয়ে সমানভাবে উপকৃত হওয়ার বিষয় নিশ্চিত করা । | | | |

**2. Objectives (Item no.3 of DPP: objective of the project) and (Item no. 18 of TPP: Objectives: Overall and Specific)**

প্রকল্পের কার্যক্রমের উদ্দেশ্য (উন্নয়ন প্রকল্প প্রস্তাবনার আইটেম-৩ : প্রকল্পের উদ্দেশ্য) এবং (টিপিপি'র আইটেম ১৮ উদ্দেশ্য- সার্বিক উদ্দেশ্য, সুনির্দিষ্ট উদ্দেশ্য)

| **Indicators of Gender Responsiveness** জেন্ডার সংবেদনশীল | **Yes** সূচক | **No** bv | **Comments / more information needed** মন্তব্য/ অধিক তথ্য প্রয়োজন |
|---|---|---|---|
| ▪ Do the objectives indicate what benefits and results will be gained by women and men, girls and boys? (Explicit or implicit?) প্রকল্প হতে কি কি সুবিধা ও ফলাফল নারী-পুরুষ ও ছেলেমেয়ে লাভ করবে তা প্রকল্পের উদ্দেশ্যে সুস্পষ্টভাবে নির্দেশ করা হয়েছে কি? (সুস্পষ্টভাবে প্রতিফলিত, নাকি অন্তর্নিহিত)। | | | |
| ▪ Are objectives focus on women's advancement and reducing gender gaps? উদ্দেশ্যসমূহে নারীর অগ্রগতি এবং জেন্ডার বৈষম্য দূরীকরণের উপর যথেষ্ট আলোকপাত করা হয়েছে কি? | | | |

**3. Strategy (Item 19 of TPP: link to planning documents, development partners' country program priorities, and PRSP, MDG, UNDAF as far as possible). (There is no strategy in the DPP but Item 24 of DPP in Part B are relevant to the same issues stated above.) In filling up item 19 of TPP and item 24 of DPP, following may be taken in to consideration: Annex-A - NSAPR/PRSP policy agenda and Annex-5B MTBF Criteria.**

3. কৌশল : (কারিগরী প্রস্তাবনা আইটেম নং- ১৯ : যতদূর সম্ভব পরিকল্পনা দলিল, উন্নয়ন সহযোগীদের বাংলাদেশের জন্য প্রণীত অগ্রাধিকার কার্যক্রম, দারিদ্র বিমোচন কৌশলপত্র, সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্য; এবং ইউএনডিএফ এর বিষয়ের সাথে যতদূর সম্ভব যোগসূত্র স্থাপনের প্রয়াস নিতে হবে।(DPP-তে এ সংক্রান্ত কোনো কৌশল নেই কিন্তু DPP-এর Part-B-তে আইটেম-২৪ এ বর্ণিত একই বিষয়ের জন্য প্রাসঙ্গিক) কারিগরী সহায়তা প্রকল্পের ১৯ নং আইটেম ও বিনিয়োগ প্রকল্পের ১৯ নং আইটেম ও বিনিয়োগ প্রকল্পের ২৪ নং আইটেম পূরণ করার সময় দারিদ্র নিরসন কৌশলপত্রের সংযোজনী 'ক' তে বর্ণিত নীতিমালা এবং সংযোজনী-৫ 'খ' তে দেয়া মধ্যমেয়াদী বাজেট কাঠমো এর মানদন্ড সমূহ বিবেচনা করতে হবে।

প্রকল্পের আউটপুট ও ফলাফল নিম্নোক্ত বিষয়ে কতটুকু প্রভাব রাখবে তার বর্ণনা।

| **Indicators of Gender Responsiveness** জেন্ডার সংবেদনশীল | **Yes** সূচক | **No** bv | **Comments / more information needed** মন্তব্য/ অধিক তথ্য প্রয়োজন |
|---|---|---|---|
| ▪ Do the outcomes and outputs contribute to any of the key NSAPR goals for womens advancement and rights? : (Annex-A)<br>▪ প্রকল্পের আউটপুট/ ফলাফল কি দারিদ্র নিরসন কৌশলপত্রের অন্তর্গত নারীর অগ্রযাত্রা ও অধিকার অর্জনের জন্য প্রণীত কৌশলগত লক্ষ্যের কোন একটির উপর প্রভাব রাখবে? (সংযোজনী 'ক')<br>- social advancement<br>- সামাজিক অগ্রগতি | | | |

| Indicators of Gender Responsiveness<br>জেন্ডার সংবেদনশীল | Yes<br>সূচক | No<br>bv | Comments / more information needed<br>মন্তব্য/ অধিক তথ্য প্রয়োজন |
|---|---|---|---|
| - economic advancement<br>- অর্থনৈতিক অগ্রগতি<br>- political advancement<br>- রাজনৈতিক অগ্রগতি<br>- fulfillment of women's legal and other rights<br>- নারীর আইনী ও অন্যান্য অধিকার পরিপূরণ<br>▪ Do the outcomes and outputs contribute to any of the BC1 Standards of MTBF? : (Annex-5B)<br>প্রকল্পের আউটপুট/ফলাফল কি মধ্যমেয়াদী বাজেট কাঠমোর বিসি-১ এর কোনো একটি মানদণ্ড অর্জনে প্রভাব রাখবে? (সংযোজনী 'খ") | | | |

**4. Component -wise Annual Phasing and Procurement Plan (Item 9 & 11 -Annexure III(a) (b) (c), item 12 annexure IV of DPP and Item no. 12:Annexure 1 of TPP)**

৪. খাতওয়ারী বার্ষিক ব্যয় ও বার্ষিক ক্রয় পরিকল্পনা (বিনিয়োগ প্রকল্পের আইটেম ৯ ও ১১ এর সংযোজনী (ক), (খ), (গ) এবং আইটেম ১২ এর সংযোজনী ঘ) এবং কারিগরী প্রকল্পের আইটেম ১২ এর সংযোজনী (১) ।

| Indicators of Gender Responsiveness<br>জেন্ডার সংবেদনশীল | Yes<br>সূচক | No<br>bv | Comments / more information needed<br>মন্তব্য/ অধিক তথ্য প্রয়োজন |
|---|---|---|---|
| ▪ Are there adequate inputs and allocation in the project to implement gender equality activities?<br>▪ জেন্ডার সমতা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য এই প্রকল্পে সুনির্দিষ্ট কোনো অংশ (Component) আছে কিনা, যার জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দ ও সহায়তা কার্যক্রম রয়েছে ।<br>▪ Is it clear what proportion of the allocation will contribute to benefiting women and reducing gender gaps?<br>▪ এটা কি স্পষ্ট যে, প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থের কতখানি নারীদের উপকারে ও জেন্ডার বৈষম্য দূরীকরণে অবদান রাখছে? | | | |

**5. Monitoring, Reporting and Evaluation (Item 10 (log frame and considering Item 23 of DPP) and Item 22 of TPP)**

৫. পরিবীক্ষণ, রিপোটিং ও মূল্যায়ণ (আইটেম ১০ নং লগ-ফ্রেম ও আইটেম ২৩ এবং কারিগরী সহায়তা প্রকল্পের আইটেম ২২ ।

| Indicators of Gender Responsiveness<br>জেন্ডার সংবেদনশীল | Yes<br>সূচক | No<br>bv | Comments / more information needed<br>মন্তব্য/ অধিক তথ্য প্রয়োজন |
|---|---|---|---|
| ▪ Have gender-equality performance Indicators (for project outcomes and outputs) been identified?<br>▪ জেন্ডার সমতা অর্জনের সূচকসমূহ চিহ্নিত করা হয়েছে কিনা (প্রকল্পের অর্জন ও ফলাফল পরিমাপ করার জন্য) । | | | |

# Annex- A: NSAPR/PRSP Gender Equality Goals and Priority Actions

## সংযোজনী ক : দারিদ্র বিমোচন কৌশলপত্র (২০০৮- ১১)- এর নীতিমালার লক্ষ্য ও অগ্রাধিকার কার্যক্রম

The points shown below under each of the issues of NSAPR/PRSP may not be applicable for all projects/programs. These have been given for ready reference to the project/program designers to draw on the relevant issues and points.

NSAPR/PRSP-এর প্রতিটি প্রতিপাদ্য বিষয়ের অধীনে নিম্নে যে সকল ইস্যুসমূহ দেয়া হয়েছে সেগুলো সকল ধরনের প্রকল্প/কার্যক্রমের জন্য প্রযোজ্য নাও হতে পারে। এগুলো প্রকল্প পরিকল্পনাকারীদের তাৎক্ষণিক রেফারেন্স-এর জন্য দেয়া হয়েছে, যাতে প্রকল্প তৈরীর সময় প্রাসঙ্গিক বিষয় ও ইস্যুগুলো খুঁজে বেড়াতে না হয়।

a. Social Advancement - Will outcomes and outputs (and components / activities) contribute to the social advancement of women through improvements or increases in any of the following areas?

ক) সামাজিক অগ্রগতি : নিম্নে বর্ণিত নারীর সামাজিক উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে প্রকল্পের কর্মসূচি, আউটপুট বা ফলাফল (এবং প্রকল্পের উপাদান ও কার্যকলাপ) কোনো ভূমিকা রাখবে কি?

- ➢ Ensure access to health services, coverage and insurance for reducing risks faced in pregnancy, childbirth, and old age for women(budgetary allocation for economic, external and health risk management for female with special focus on socially excluded women)

  স্বাস্থ্য সেবায় অভিগম্যতা তৈরি করা, গর্ভধারণ, সন্তান প্রসবকালীন ঝুঁকি হ্রাস ও বৃদ্ধ বয়সের নিরাপত্তাহীনতা মোকাবেলা করার ক্ষেত্রে স্বাস্থ্যসেবা, বীমা ও তার আওতা বৃদ্ধি। সামাজিকভাবে বঞ্চিত নারীদের উপর বিশেষ নজর দিয়ে অর্থনৈতিক ও স্বাস্থ্য ঝুঁকি কমানোর জন্য বিশেষ বাজেট বরাদ্দ দেয়া।

  - ✓ gender equality in health service(ensuring women's health rights throughout their life cycle)

    জীবনব্যাপী নারীদের স্বাস্থ্য অধিকার নিশ্চিতকরণের মধ্য দিয়ে স্বাস্থ্যসেবায় জেন্ডার সমতা প্রতিষ্ঠা।
  - ✓ reproductive and general health (including infant, children and adolescent's health)
    প্রজনন স্বাস্থ্য ও সাধারণ স্বাস্থ্য (শিশু, বালিকা ও কিশোর-কিশোরী)
  - ✓ nutrition and food safety
    পুষ্টি ও খাদ্য নিরাপত্তা
  - ✓ vulnerability to and treatment of HIV/AIDS
    এইচআইভি/ এইডস এর ঝুঁকি মোকাবেলা ও তার চিকিৎসা
- ➢ gender parity in education
  শিক্ষার ক্ষেত্রে জেন্ডার সমতা
  - ✓ educational and skill services and levels achieved (increased rates of enrolment and completion of primary and secondary education, vocational training and non- formal education)

- ✓ শিক্ষা ও দক্ষতা অর্জন সংক্রান্ত সেবার মান উন্নত করা ( প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে কারিগরি প্রশিক্ষণ ও উপানুষ্ঠানিক শিক্ষার ক্ষেত্রে ভর্তি ও শিক্ষা পূর্ণ করার হার উন্নীত)

- ✓ gender balance in formulation of curriculum

  পাঠ্যক্রম প্রণয়নে জেন্ডার সমতা রক্ষা করা ।

➢ eliminating all forms of violence against women ( including domestic violence)

নারীর প্রতি সকল ধরনের সহিংসতা দূরীকরণ (পারিবারিক সহিংসতাসহ)

➢ eliminating all forms of exploitation; legal and socio-cultural discriminations against women

নারীর প্রতি সকল ধরনের শোষন এবং আইনগত ও সামাজিক-সাংস্কৃতিক বৈষম্য দূরীকরণ

- ✓ awareness, protection, responsive services, justice, legislation and prevention of violence

  সচেতনতা, নিরাপত্তা বিধান, সংবেদনশীল সেবা, ন্যায় বিচার, আইন প্রণয়ন ও সহিংসতা রোধ

- ✓ attention to gender issues and positive portrayal of women in the media

  মিডিয়াতে নারীর ইতিবাচক ভাবমূর্তি ও জেন্ডার ইস্যুর প্রতিফলনে মনোযোগী হওয়া

➢ access to social safety net programs (birth and marriage registration, legal aid, social protection for socially excluded women and children, support to destitute, garment workers)

সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচিতে নারীদের অভিগম্যতা (জন্ম ও বিবাহ রেজিষ্ট্রেশন, আইনী সহায়তা, সামাজিকভাবে বঞ্চিত নারী ও শিশুদের সামাজিক নিরাপত্তা, দু:স্থ নারী ও পোষাক শিল্পে নিয়োজিত নারীদের সহায়তা)

➢ Ensuring safe and affordable shelter and housing for women at risk and vulnerable women (housing facilities for single women and female headed households, homes for elderly poor women, facilities for women with disability, hostels for working women)

দুঃস্থ ও নিরাপত্তাহীন নারীদের জন্য নিরাপদ ও স্বল্প খরচে থাকার উপযোগী আশ্রয়কেন্দ্র ও আবাসনের ব্যবস্থা করা (নারী প্রধান পরিবার, একাকী নারী ও বৃদ্ধ দরিদ্র নারীদের জন্য আবাসন, প্রতিবন্ধী নারীর জন্য সুযোগ-সুবিধা, কর্মজীবি মহিলাদের জন্য হোস্টেল)

- **other areas of social advancement**

নারীর সামাজিক উন্নয়নের অন্যান্য ক্ষেত্রসমূহ বিবেচনা করা ।

**b.** **Economic Advancement** – Will outcomes and outputs (and components / activities) contribute to the economic advancement of women through improvements or increases in any of the following areas:

খ) অর্থনীতির অগ্রগতিঃ নারীর অর্থনৈতিক অগ্রগতি অর্জনের জন্য বর্ণিত নিম্নের যেকোন একটি বিষয়/ইস্যুসমূহে এই প্রকল্পটি ভূমিকা রাখতে পারবে কি? (প্রকল্পের অর্জন, উদ্ভূত ফল ও কর্মসূচীর মাধ্যমে) :

➢ Ensuring women's full participation in mainstream economic activities(including agriculture, industry)

অর্থনীতির মুলধারায় নারীর পরিপূর্ণ অশংগ্রহণ নিশ্চিতকরণ (কৃষি ও শিল্প সহ)

✓ Enforce equal pay for equal work

সমান কাজের জন্য সমান পারিশ্রমিক নিশ্চিত করা ।

✓ Ensure marketable skills for garment workers

পোষাক খাতের শ্রমিকের জন্য বাজারভিত্তিক দক্ষতা অর্জন নিশ্চিত করা ।

✓ Ensure safe & secure working environment for women (maternity leave, childcare center, contributory provident fund, code of conduct, life and disability insurance for female worker, support and protection for women migrant workers etc.)

মহিলাদের জন্য নিরাপদ কর্মপরিবেশ তৈরী করা (মাতৃত্বকালীন ছুটি, দিবা যত্ন কেন্দ্র, কন্ট্রিবিউটারি প্রভিডেন্ট ফান্ড, আচরণবিধি, মহিলা শ্রমিকদের জন্য জীবন বীমা ও প্রতিবন্ধী বীমা, অভিবাসী মহিলা শ্রমিকদের সহায়তা ও নিরাপত্তা)

✓ Ensure women access and entry into foreign employment

নারীর জন্য বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ প্রাপ্তি নিশ্চিত করা ।

➢ Ensuring women's access to technology (Provide women training with on e-commerce, e-business, ICT and create job banks for women) (establish ICT center)

নারীর জন্য প্রযুক্তি অভিগম্যতা নিশ্চিতকরণ (মহিলাদের জন্য আইসিটি, ই-কমার্স, ই-বিজনেস সংক্রান্ত প্রশিক্ষণ এবং কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থা) (আইসিটি সেন্টার প্রতিষ্ঠা করা) ।

➢ Eliminating all social discriminations against women in all economic activities

অর্থনৈতিক সকল কর্মকান্ডে নারীর প্রতি বিরাজমান সকল বৈষম্য দূর করা ।

➢ Ensuring women's easy access to finance and credit for full participation in mainstream economic activities (introduce soft loan, banking facilities to garment workers, allocate budgetary funds for providing small-scale loans to women, provide one-stop service with credit, market information, legal services, and technology for micro-credit borrowers and women entrepreneur etc.)

অর্থনীতির মূলধারায় পূর্ণ অংশগ্রহণের উদ্দেশ্যে নারীদের জন্য অর্থায়ন ও ঋণের সুযোগ প্রাপ্তি নিশ্চিত করা (সহজ শর্তে ঋণের প্রবর্তন করা, পোষাক শিল্পে নিয়োজিত মহিলা শ্রমিকদের ব্যাংক সুবিধা প্রদান, মহিলাদের ক্ষুদ্র ব্যবসার জন্য বাজেট বরাদ্দ করা, নারীদের ঋণের জন্য ওয়ানস্টপ সেবা প্রদান, বিপণন তথ্য প্রদান, আইনী সহায়তা প্রদান, ক্ষুদ্র ঋণ গ্রহীতা ও মহিলা উদ্যোক্তাদের জন্য প্রযুক্তিগত সেবার ব্যবস্থা করা।

✓ other areas of economic advancement

নারীর অর্থনৈতিক অগ্রগতির অন্যান্য ক্ষেত্রসমূহ বিবেচনা করা।

c. **Political Advancement –** Will outcomes and outputs (and components / activities) contribute to the political advancement of women through improvements or increases in any of the following areas:

গ) নারীর রাজনৈতিক অগ্রগতি : প্রকল্প/ কর্মসূচীর আউটপুট/ ফলাফল (এর উপাদান ও কর্মকান্ড) নারীর রাজনৈতিক অগ্রগতিতে কোনো ভূমিকা রাখবে কি?

✓ proportionate participation of women in governance and government as elected representatives(national and local level), as political party members and civil society leaders

শাসন ব্যবস্থা ও সরকারে নির্বাচিত প্রতিনিধি হিসাবে নারীর অংশগ্রহণ (জাতীয় ও স্থানীয় সরকার পর্যায়ে), রাজনৈতিক দলের সদস্য ও সুশীল সমাজের নেতৃত্বে নারীর আনুপাতিক হারে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

✓ capacity of women to perform political duties and influence decisions (national and local level)

জাতীয় ও স্থানীয় পর্যায়ে রাজনৈতিক দায়-দায়িত্ব ও সিদ্ধান্ত গ্রহণের উপর প্রভাব বিস্তার করার জন্য নারীর সক্ষমতা বৃদ্ধি করা।

✓ awareness and responsiveness of politicians, parliamentarians, government administrators, institutions and political parties on gender issues

জেন্ডার ইস্যুর উপর রাজনীতিবিদ, সাংসদ, সরকারী কর্মকর্তা, প্রতিষ্ঠানসমূহ এবং রাজনৈতিক দলের সচেতনতা ও সংবেদনশীলতা বৃদ্ধি করা।

✓ proportionate participation of women in international forums

আন্তজার্তিক ফোরামে আনুপাতিক হারে নারীর অংশগ্রহণ নিশ্চিত করা।

✓ other areas of political advancement

নারীর রাজনৈতিক অগ্রগতির অন্যান্য ক্ষেত্র বিবেচনায় রাখা।

**d. Legal Advancement** – Will outcomes and outputs (and components / activities) contribute to the legal advancement of women through improvements or increases in any of the following areas:

ঘ) নারীর আইনী অধিকার প্রতিষ্ঠা : নিম্নেবর্ণিত কোনো একটি ক্ষেত্রে কাজ করার মাধ্যমে প্রকল্প/ কর্মসূচীর আউটপুট/ ফলাফল (এর উপাদান ও কর্মকান্ড) নারীর আইনী অধিকার প্রতিষ্ঠায় কোনো ভূমিকা রাখবে কি?

- Putting policy and legal framework in place toward achieving equal rights for women

  নারীর সমঅধিকারের জন্য নীতিমালা ও আইনী কাঠামো প্রস্তুত করা

  - ✓ Implement National Women's Policy

    নারী নীতির পুনর্বহাল ও বাস্তবায়ন

  - ✓ enforcement of existing laws that are relevant to the rights and protection of women (including inheritance, ownership of assets, child-guardianship, uniform family code)

    নারীর অধিকার ও নিরাপত্তা সংরক্ষণের সাথে সম্পর্কিত বিদ্যমান আইন যথাযথভাবে প্রয়োগ (উত্তরাধিকার, সম্পদের মালিকানা, সন্তানের অভিভাবকত্ব, সার্বজনীন ফ্যামিলি কোড)

  - ✓ gender awareness and responsiveness of legal institutions, magistrates, judges, lawyers, and police (including state obligations under CEDAW)

    আইনী প্রতিষ্ঠান, ম্যাজিস্ট্রেট, বিচারক, আইনজীবি, পুলিশ (সিডো সনদে রাষ্ট্রের দায়বদ্ধতাসহ) এর জেন্ডার সচেতনতা ও সংবেদনশীলতা বৃদ্ধি করা ।

  - ✓ women and men's awareness of women's legal rights and women's access to rights through the formal legal/judicial system, traditional conflict resolution mechanisms and legal aid services

    নারীদের আইনগত অধিকার সম্পর্কে নারী ও পুরুষ উভয়ের সচেতনতা বৃদ্ধি এবং রাষ্ট্রীয় আইনী/বিচার ব্যবস্থা, প্রচলিত বিরোধ মীমাংসার পদ্ধতি এবং আইনী সহায়তার ক্ষেত্রে নারীর সহজ প্রবেশাধিকার ।

  - ✓ appointments of more women judges and police officers and measures to make violence against women including domestic violence, acid throwing, etc. punishable offences

    অধিক হারে মহিলা বিচারক ও পুলিশ কর্মকর্তা নিয়োগ এবং পারিবারিক সহিংসতা, এসিড নিক্ষেপ ইত্যাদিসহ নারীর প্রতি যে কোনো ধরনের সহিংসতাকে শাস্তিযোগ্য অপরাধ হিসাবে গণ্য করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা ।

- ✓ the promotion and enforcement of sexual harassment laws or codes of conduct and implementation of existing laws

  যৌন হয়রানী বিষয়ক আইন ও আচরণ বিধির প্রচার, প্রয়োগ এবং বিদ্যমান আইনের যথাযথ প্রয়োগ।

- ✓ effective advocacy and campaigns for the enactment of the Dowry Prohibition Act and laws to end early marriages and domestic abuse

  যৌতুক বিরোধী আইন এবং বাল্যবিবাহ সংক্রান্ত আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ও প্রচার কার্যক্রম গ্রহণ করা

  - other areas of legal advancement

    নারীর আইনগত অধিকার প্রতিষ্ঠার অন্যান্য ক্ষেত্রসমূহ বিবেচনা করা।

**e. Gender mainstreaming in policy, programme and projects**

ঙ) নীতিমালা, কর্মসূচী ও প্রকল্পে জেন্ডার সম্পৃক্তকরণ :

- ✓ strengthen institutions for coordination and monitoring on women's advancement issues

  নারী উন্নয়নের ইস্যুসমুহ সমন্বয় ও পরিবীক্ষণের জন্য সংশিষ্ট প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালী করা

- ✓ strengthen capacity for gender responsive budgeting (GRB) and gender responsive planning(GRP) (sex disaggregated data base, guideline tools)

  জেন্ডার সংবেদনশীল বাজেট ও জেন্ডার সংবেদনশীল পরিকল্পনা তৈরী করার সক্ষমতার ক্ষেত্রসমূহ শক্তিশালী করা (লিঙ্গ বিভাজিত তথ্য-উপাত্ত ও জেন্ডার সংবেদনশীল পরিকল্পনা পদ্ধতি)

- ✓ integration of gender training within regular curriculum of training institutes

  প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নিয়মিত প্রশিক্ষণ কারিকুলামে জেন্ডার প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করা

- ✓ GOB-NGO/CSOs linkages on women's advancement

  নারীর উন্নয়নে সরকার/ এনজিও/ সুশীল সমাজের সংযোগ বৃদ্ধি করা

- ✓ integration of gender concern in all national policies, programme and projects of all ministries

  জাতীয় নীতিমালা, বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মসূচী ও প্রকল্পে জেন্ডার ইস্যুর বিবেচ্যসমূহ অন্তর্ভুক্ত করা।

## *Annex-B:*

## Detailed Guidelines for Completing Poverty and Gender related Tables and Forms

## সংযোজনী- খ

### দারিদ্র ও জেন্ডার সংক্রান্ত ছক এবং ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশিকা

Briefly describe (not more than in 50 words) the impacts of ministry's strategic objectives on poverty reduction and women's advancement in line with the following issues/factors:

নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি লক্ষ্য রেখে দারিদ্র নিরসন এবং নারী উন্নয়নের উপর মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যের প্রভাবসমূহ সংক্ষেপে বর্ণনা করতে হবে (৫০ শব্দের অধিক নয়)

- Linkage with the poverty and women's advancement strategies of PRSP/NSAPR (example: Policy matrix of NSAPR);
- দারিদ্র নিরসন কৌশলপত্রে (এনএসএপিআর) বর্ণিত দারিদ্র নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত কৌশলসমূহের (উদাহরণ : এনএসএপিআর এর পলিসি ম্যাট্রিক্স) সাথে যোগসূত্র;
- Where available easily, number and percentage ratio of poor people, especially, number of poor women who are directly benefited from achieving the strategies;
- দরিদ্র জনগোষ্ঠীর সংখ্যা ও শতকরা অনুপাত, বিশেষত দরিদ্র নারীর সংখ্যা যারা এই কৌশলসমূহ সফলভাবে অর্জিত হলে প্রত্যক্ষভাবে উপকৃত হবে;
- Whether the above stated impacts are short term (example: one time benefit under the social safety net programme) or long term (example: efficiency enhancement, training, micro credit, public investment through which poor people/ women will be benefited).
- উপরোক্ত প্রভাবসমূহ স্বল্প মেয়াদি (উদাহরণ : সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় এককালীন সুবিধা) নাকি দীর্ঘমেয়াদি (উদাহরণ : দক্ষতা বৃদ্ধি, প্রশিক্ষণ, ক্ষুদ্রঋণ, সরকারি বিনিয়োগ, যার মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠী/নারীসমাজ উপকৃত হবে ।)

**NOTE:**

1. BBS uses Basic Needs Method to define poverty. According to this method, section of people who remains below the minimum basic need (intake of 2122 K. Cal/per head/per day) is called poor.

   দারিদ্র্যের সংজ্ঞা নিরূপণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো **Basic Needs Method** ব্যবহার করে থাকে ।এই **Basic Needs Method** অনুযায়ী জনগোষ্ঠীর যে অংশ ন্যূনতম মৌলিক চাহিদা পূরণের **Need** (২১২২ কি. ক্যালোরী/প্রতি জনে প্রতিদিন) সীমার নীচে তাদেরকে দরিদ্র হিসাবে আখ্যায়িত করা হয় ।

2. Human poverty is determined through Human Development Index (HDI). Education, health and nutrition are considered to determine HDI. Improving education, health and nutrition reduce human poverty.

   মানব দারিদ্র (**Human Poverty**) মানব উন্নয়নসূচক (**HDI**) দ্বারা নির্ধারণ করা হয় । এই সূচক নির্ধারণ করতে শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি ইত্যাদিকে বিবেচনা করা হয় । শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টি ইত্যাদি প্রাপ্তির ফলে মানব দারিদ্র হ্রাস হয় ।

The standards to verify the impacts of strategic objectives of the Ministry on women advancement are described below. The more the reflection of these standards through strategic objectives, stronger the impact of that strategic objective on poverty reduction and women advancement. It needs to be mentioned that all standards may not be applicable to all Ministries; the Ministries are therefore requested to complete section-3 using the applicable standards only. If a medium term strategic objective does not have a direct impact on poverty reduction and/or women's advancement, that also needs to be mentioned.

দারিদ্র নিরসন এবং নারী উন্নয়নের উপর মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব যাচাইয়ের মানদন্ডসমূহ নিম্নে বর্ণিত হলো। এ সকল মানদণ্ড কৌশলগত লক্ষ্যের মাধ্যমে যত বেশী প্রতিফলিত হবে, নারীর অগ্রযাত্রা ও দারিদ্র হ্রাসে এর প্রভাব তত বেশী শক্তিশালী হবে। উলেখ্য, সকল মানদণ্ড সকল মন্ত্রণালয়ের জন্য প্রযোজ্য নাও হতে পারে। প্রযোজ্য মানদণ্ডসমূহ ব্যবহার করে বাজেট কাঠামোর অংশ-৩ পূরণ করার জন্য মন্ত্রণালয়সমূহকে অনুরোধ করা হলো। যদি দারিদ্র নিরসন অথবা/ নারী উন্নয়নের উপর কোনো মধ্যমেয়াদি কৌশলের প্রত্যক্ষ প্রভাব নাই বলে প্রতীয়মান হয়, তবে তাও উলেখ করতে হবে।

**(B). Standards used for assessing impact of strategic objectives of Ministry on women advancement:**

(খ) নারী উনয়নের উপর মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব যাচাইয়ের মানদন্ডসমূহ :

**1. Access to health care and improved nutrition:**

Whether specific actions are being taken to address effectively women's reproductive and general health needs? Also weather activities will improve nutritional status of women particularly pregnant and lactating women: if so how?

১। স্বাস্থ্য সেবা প্রাপ্তি ও পুষ্টির উনয়ন : নারীর প্রজনন এবং সাধারণ স্বাস্থ্য সুরক্ষায় সুনির্দিষ্ট এবং কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা? এছাড়াও গৃহীত ব্যবস্থাদির দ্বারা মহিলাদের বিশেষত গর্ভবতী এবং স্তন্যদানকারী মায়েদের পুষ্টির উন্নতিসাধন হবে কিনা? হলে তা কিভাবে হয়েছে?

**2. Access to public properties and services:**

Whether access to public properties (e.g., khas land, wetland, social afforestation etc.) and services (e.g., education, health, electricity, pure water, etc.) are being expanded? If so how?

২। সরকারি সম্পদ ও সেবা লাভ : নারীর অনুকূলে সরকারি সম্পদ (যেমন: খাসজমি, জলাশয় ও সামাজিক বনায়ন) ও সেবা (যেমন: শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎ, বিশুদ্ধ পানি ইত্যাদি) প্রাপ্তির সুযোগ সম্প্রসারিত হয়েছে কিনা? হলে তা কিভাবে হয়েছে?

**3. Access to education and training:**

Have opportunities to access education and training been created or expanded for girls/women? If so how?

৩। শিক্ষা ও প্রশিক্ষণ প্রাপ্তি : নারী/বালিকাদের জন্য শিক্ষা ও প্রশিক্ষণ প্রাপ্তির সুযোগ সৃষ্টি হয়েছে কিনা বা সুযোগ সম্প্রসারিত হয়েছে কিনা? হলে তা কিভাবে হয়েছে ?

**4. Reduce daily working hours of women:**

Have any steps/programmes been undertaken to reduce daily working hours of women? If so what are those or how those can reduce working hours?

৪। নারীর দৈনিক কর্মঘন্টা হ্রাস : নারীর দৈনিক সার্বিক কর্মঘন্টা হ্রাস করার ক্ষেত্রে কোনো পদক্ষেপ/কার্যক্রম নেয়া হয়েছে কিনা? হলে তা কি এবং কিভাবে কর্মঘন্টা হ্রাস করতে পারে?

**5. Women's participation in labour market and income generating activities:**

Have necessary steps been undertaken to increase access and to make it easier for women to enter into labour market and undertake income generating activities? How those have been undertaken?

৫। শ্রম বাজার এবং আয় বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে নারীর অংশগ্রহণ : শ্রম বাজার এবং আয় বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে নারীর অংশগ্রহণ বৃদ্ধি ও প্রবেশ সহজীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে কিনা এবং হয়ে থাকলে কিভাবে তা নেয়া হয়েছে?

**6. Enhance social safety for women and reduce probable vulnerability and risk:**

Have necessary steps been undertaken to increase social safety and to reduce probable risk and vulnerability or what necessary steps will help to increase social safety for women and/or reduce probable vulnerability and risks of women particularly because of natural calamities?

৬। নারীর সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ এবং সম্ভাব্য অসহায়ত্ব ও ঝুঁকি হ্রাস করা : নারীর সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ এবং সম্ভাব্য অসহায়ত্ব ও ঝুঁকি হ্রাস করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে কিনা অথবা কি কি পদক্ষেপ নেয়ার ফলে নারীর সামাজিক নিরাপত্তা বৃদ্ধি পাবে এবং বিশেষত প্রাকৃতিক দুর্যোগের কারণে তাদের সম্ভাব্য অসহায়ত্ব ও ঝুঁকি হ্রাস পাবে?

**7. Women's empowerment:**

Whether steps have been undertaken to develop/encourage Women's empowerment process through ensuring participation in decision-making in the family, society and workplace and through increased participation in political framework? How those steps have been undertaken?

৭। নারীর ক্ষমতায়ন : পরিবারে, সমাজে এবং কর্মক্ষেত্রে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণে এবং রাজনৈতিক কাঠামোতে নারীর অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে নারীর ক্ষমতায়ন প্রক্রিয়া উন্নয়ন/উৎসাহিত করার পদক্ষেপ নেয়া হয়েছে কিনা, নেয়া হলে কিভাবে নেয়া হয়েছে?

**8. Women's participation in various forums:**

Have necessary steps/programmes been undertaken in order to bring/include gender related issues at national and international forums or how those issues have been undertaken?

৮। বিভিন্ন ফোরামে নারীর অংশগ্রহণ : জাতীয় ও আন্তর্জাতিক ফোরাম সমূহে নারী সম্পর্কিত বিষয়সমূহ উত্থাপন/ অন্তর্ভুক্ত করণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ/কার্যক্রম নেয়া হয়েছে কিনা বা নেয়া হয়ে থাকলে কিভাবে তা নেয়া হয়েছে?

**9. Ensure safety and free movement for women:**

Have necessary steps been undertaken to ensure free movement for women at public places and to ensure safety in family, at public places as well as in the society? If so, how those steps have been undertaken?

৯। নারীর নিরাপত্তা ও অবাধ চলাফেরা নিশ্চিত করা : পাবলিক স্পেস সমূহে নারীর অবাধ চলাফেরা নিশ্চিত করা এবং পরিবারে ও সমাজে (পাবলিক ক্ষেত্রসমূহ) নারীর নিরাপত্তা বিধান নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে কিনা বা নেয়া হয়ে থাকলে কিভাবে তা নেয়া হয়েছে?

**10. Monitoring and evaluation:**

Have necessary measures/steps been undertaken in order to strengthen monitoring and evaluation system pertaining to gender equality issues? If so, how/in what process?

১০। পরিবীক্ষণ ও মূল্যায়ণ : নারী-পুরুষ সমতা সংক্রান্ত বিষয়সমূহের ক্ষেত্রে পরিবীক্ষণ ও মূল্যায়ন জোড়দার করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা/পদক্ষেপ নেয়া হয়েছে কিনা? নেয়া হলে কিভাবে/কি প্রক্রিয়ায় নেয়া হয়েছে?

**11. Increase social status of women:**

Have necessary measures/steps been undertaken in order to raise social status of women (for example reduction in childhood/early marriage and dowry etc.)? If so, how?

১১। নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধি : নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা/পদক্ষেপ নেয়া হয়েছে কিনা (উদাহারণস্বরূপ, বাল্য বিবাহ ও যৌতুক প্রথা হ্রাস পাওয়া ইত্যাদি)? হলে কিভাবে নেয়া হয়েছে?

**12. Access to law and justice for women:**

Have measures/steps been undertaken to create/expand opportunities in favour of women to access law and justice? How those steps have been undertaken?

১২। নারীর আইন ও বিচার প্রাপ্তি : আইনী সহায়তা ও বিচার প্রাপ্তিতে নারীর অনুকলে সুযোগ সৃষ্টি বা সুযোগ সম্প্রসারণের জন্য ব্যবস্থা/পদক্ষেপ নেয়া হয়েছে কিনা? হলে কিভাবে এই পদক্ষেপ নেয়া হয়েছে?

**13. Information Technology for women :**

Whether necessary opportunities have been created for women to access and utilize training on information technology or how access and utilization of these trainings will be ensured?

১৩। তথ্য প্রযুক্তির ক্ষেত্রে নারীর প্রশিক্ষণ : তথ্য প্রযুক্তির ক্ষেত্রে নারীর প্রশিক্ষণ প্রাপ্তি এবং তা ব্যবহারের জন্য প্রয়োজনীয় সুযোগ সৃষ্টি হয়েছে কিনা বা কিভাবে এই প্রশিক্ষণ প্রাপ্তি ও তা'র ব্যবহার নিশ্চিত হবে?

**14. Reduce violence and oppression:**

What steps/measures have been undertaken to reduce violence and oppression against women or how violence/oppression against women can be reduced within the family and in the public space?

১৪। সহিংসতা ও নির্যাতন হ্রাস : নারীর উপর সহিংসতা ও নির্যাতন হ্রাসকল্পে কি পদক্ষেপ/ব্যবস্থা নেয়া হয়েছে বা কিভাবে পারিবারিক ও পাবলিক স্পেসসমূহে নারীর উপর সহিংসতা/নির্যাতন হ্রাস করা হবে?

## Guidelines to fill-in column 9 and 10 of Form 4
## (Grading the Impacts on Women's Advancement)

Columns 9 and 10 of Form 4 in part B respectively indicate impact of projects and programmes/ activities on poverty reduction and women advancement. Directorates and agencies will prepare estimated and projected probable expenditures of all their projects/activities using form 4. Ministries/Divisions will assign a percentage to each of their new projects/programmes indicating what portion of the total allocation (expenditure) is expected to have direct benefit for the poor (on the basis of twelve criteria mentioned above) and women (on the basis of fourteen criteria mentioned before). If there is no direct benefit for poor or women please indicate zero in the relevant column. If they are totally targeted to either poor or for women they will be assigned 100 percent in the relevant column. Other projects and programmes need to have a percentage between 1-99 percent.

## ফরম ৪ এর কলাম ৯ এবং ১০ পূরণ নির্দেশিকা
## (নারীর অগ্রগতির প্রভাব যাচাই এর গ্রেডিং)

বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগের ফরম-৪ এর ৯ ও ১০ নং কলামে যথাক্রমে দারিদ্র নিরসন এবং নারী উন্নয়নের উপর গৃহীত কর্মসূচি/প্রকল্পসমূহের প্রভাব নির্দেশ করে। ফরম ৪ ব্যবহার করে অধিদপ্তর/সংস্থাসমূহ তাদের সকল প্রকল্প ও কার্যক্রমসমূহের জন্য সম্ভাব্য ব্যয়ের প্রাক্কলন তৈরী করবে। মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থাসমূহ প্রতিটি নতুন প্রকল্প/কর্মসূচিতে সরাসরি দারিদ্র নিরসন (পূর্বে বর্ণিত ১৪ টি মানদন্ডের ভিত্তিতে) এবং নারী উন্নয়নে (উপরে বর্ণিত ১৪ টি মানদন্ডের ভিত্তিতে) মোট প্রকল্প ব্যয়ের কত শতাংশ ব্যবহার করা হবে তা উলেখ করতে হবে। দ্রারিদ্র নিরসন এবং নারী উন্নয়নে কোনো প্রকল্প/কর্মসূচির যদি সরাসরি কোনো প্রভাব না থাকে সেক্ষেত্রে সংশিষ্ট কলামে দয়া করে '০' নির্দেশ করুন। কিন্তু যদি তা সম্পূর্ণরূপে দারিদ্র নিরসন এবং নারী উন্নয়নে লক্ষ্যভিত্তিক হয়ে থাকে তবে সংশিষ্ট কলামে '১০০' প্রদান করতে হবে। অন্যান্য প্রকল্প/কর্মসূচির ক্ষেত্রে দারিদ্র নিরসন এবং নারী উন্নয়নে বরাদ্দের ভিত্তিতে ১-৯৯% এর মধ্যে যেটি যুক্তিযুক্ত তা প্রদান করতে হবে। দারিদ্র নিরসন এবং নারী উন্নয়নের উপর প্রকল্প/কর্মসূচির প্রভাবের মাত্রা (Degree) নির্দেশ করার ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ (Factors) বিবেচনা করতে হবে :

| **Percent of expenditure/ allocation will have direct benefit on Poverty Reduction/ Women's Advancement**<br>দারিদ্র নিরসন/ নারী উনয়নের উপর মোট প্রকল্প ব্যয়ের কত শতাংশ (%) ব্যবহার হবে | **Factors to be considered/Qualitative Guidelines**<br>প্রভাবের মাত্রা (উবমৎবব) নির্দেশ করার ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ |
|---|---|
| The benefit is **zero**<br>**'0'** | Projects/Programmes which do not improve poor or women on the basis of 12 and 14 criteria mentioned earlier.<br>উপরে বর্ণিত দারিদ্র নিরসন ও নারী উন্নয়নের ১২ এবং ১৪ টি মানদণ্ডের ভিত্তিতে যে সকল প্রকল্প/কর্মসূচি দরিদ্র জনগোষ্ঠী/নারীর সামগ্রিক কল্যাণে প্রত্যক্ষ কোনো প্রভাব ফেলবে না। |

| **Percent of expenditure/ allocation will have direct benefit on Poverty Reduction/ Women's Advancement**<br>দারিদ্র নিরসন/ নারী উনয়নের উপর মোট প্রকল্প ব্যয়ের কত শতাংশ (%) ব্যবহার হবে | **Factors to be considered/Qualitative Guidelines**<br>প্রভাবের মাত্রা (উবমৎবব) নির্দেশ করার ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ |
|---|---|
| The benefit is between **1-33 percent**<br>'১- ৩৩' | Percent assigned to project can be between 1-33 if on the basis of poverty reduction and women's advancement criteria project is expected to have low level of benefit for poor and women.<br>উপরে বর্ণিত দারিদ্র নিরসন ও নারী উন্নয়নের মানদন্ডসমূহের ভিত্তিতে যে সকল প্রকল্প/ কর্মসূচীসমূহ দরিদ্র জনগোষ্ঠী/নারীর সামগ্রিক কল্যাণে প্রত্যক্ষভাবে ন্যুনতম/স্বল্প প্রভাব ফেলে সে সব প্রকল্পের ১–৩৩ শতাংশের মধ্যে থাকবে । |
| The benefit is between **34-66 percent**<br>'৩৪- ৬৬' | Percent assigned to project can be between 34-66 if on the basis of poverty reduction and women's advancement criteria project is expected to have medium level of benefit for poor and women.<br>উপরে বর্ণিত দারিদ্র নিরসন ও নারী উন্নয়নের মানদন্ডসমূহের ভিত্তিতে যে সকল প্রকল্প/ কর্মসূচীসমূহ দরিদ্র জনগোষ্ঠী/নারীর সামগ্রিক কল্যাণে প্রত্যক্ষভাবে মধ্যম প্রভাব ফেলে, সেগুলোকে ৩৪-৬৬ শতাংশ প্রদান করতে হবে । |
| The benefit is between **67-99 percent**<br>'৬৭- ৯৯' ৬৭- ৯৯ঃ | Percent assigned to project can be between 67-99 if on the basis of poverty reduction and women's advancement criteria project is expected to have high level of benefit for poor and women.<br>উপরে বর্ণিত দারিদ্র নিরসন ও নারী উন্নয়নের মানদন্ডসমূহের ভিত্তিতে যে সকল প্রকল্প/ কর্মসূচী দরিদ্র জনগোষ্ঠী/নারীর সামগ্রিক কল্যাণে প্রত্যক্ষভাবে তাৎপর্যপূর্ণ ও টেকসই প্রভাব ফেলে, সেগুলোকে ৬৭-৯৯ শতাংশ প্রদান করতে হবে । |
| The benefit is **100 percent**<br>'১০০' | Projects/Programmes which have the specific aim of poverty reduction/promoting women's advancement. Women/different categories of poor people are explicitly named as beneficiaries.<br>প্রকল্প/কর্মসূচি সমূহ যেগুলোর দারিদ্র হ্রাস/ নারীর উন্নয়ন ত্বরান্বিত করার সুনির্দিষ্ট লক্ষ্য রয়েছে এবং নারী সমাজ/ বিভিন্ন দরিদ্র জনগোষ্ঠী প্রকল্প/ কর্মসূচির উপকারভোগী হিসাবে সুস্পষ্টভাবে চিহ্নিত । |